# সেপ্টেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত শৈলকুপা উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সভাপতি : | মোছাঃ শেফালী বেগম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ। | স্থান<br>তারিখ<br>সময় | :<br>:<br>: | উপজেলা পরিষদ মিলনায়তন।<br>২৩/০৯/২০২১ খ্রিঃ।<br>বেলা- ১১.০০ টা। | |

উপস্থিতি : সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- "ক"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে উপজেলা চেয়ারম্যান মোছাঃ শেফালী বেগম জানান, বর্তমানে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের হার কমেছে। তবে আমাদের সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে ও সাবধান থাকতে হবে। এছাড়াও সরকারের সকল নির্দেশনা মেনে চলতে হবে। অত:পর আনুষ্ঠানিকভাবে সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহ্বান জানালে তিনি সভা পরিচালনা করেন।

পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন : গত ২৩/০৮/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

বিভাগওয়ারি আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, এ পর্যন্ত অত্র উপজেলায় ১৪৪৭ জন "কোভিড-১৯" এ আক্রান্ত হয়েছে। তন্মধ্যে ১৩১১ জন সুস্থ হয়েছে। বর্তমানে "করোনা ভাইরাস" এর সংক্রমণ নিম্নমূখী। তবে স্বাস্থ্য বিশেষজ্ঞদের পরামর্শ মোতাবেক সকলকে সদা সতর্ক থাকতে হবে এবং সরকারের সকল নির্দেশনাসহ স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। ঘরের বাইরে গেলে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে, সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে এবং বাইরে থেকে ঘরে প্রবেশের আগে অবশ্যই ভালো করে ফেনাযুক্ত সাবান দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড ধরে হাত ধৌত করতে হবে। তাছাড়া আগস্ট ২০২১ মাসে বহিঃ বিভাগে ৩৭২০ জন ও জরুরি বিভাগে ১৯২৩ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। সিজারিয়ান রোগীর সংখ্যা ০৩ জন এবং নরমাল ডেলিভারী করা হয়েছে ৩১ জন। সরকারি নিয়ম অনুযায়ী ১৫৯৫৪০/- টাকা আয় হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) করোনা ভাইরাস প্রতিরোধে সতর্ক থাকতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।<br>খ) এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার। |
| ০২ | উপজেলা প্রকৌশল বিভাগ:<br>উপজেলা প্রকৌশলী (এলজিইডি) সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতে ১ম কিস্তিতে ২৭,১৬,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। ২য় ও ৩য় কিস্তির বরাদ্দ প্রাপ্তির পর বিধিমোতাবেক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক)দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা প্রকৌশলী। |
| ০৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর :<br>প্রতিনিধি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি। তিনি আরও জানান, ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচীর আওতায় গৃহীত সকল প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্ন হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ:<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান, প্রণোদনা কর্মসূচীর আওতায় অত্র উপজেলায় চলতি খরিপ-২ মৌসুমে নাবী পাট বীজ ৫০জন কৃষকের মাঝে জনপ্রতি ০.৫ কেজি, ইউরিয়া ১০ কেজি, ডিএপি ১০ কেজি, এমওপি ১০ কেজি সার প্রদান করা হয়েছে। তাছাড়াও জমি তৈরী ও সেচ বাবদ ৮০০/-, আন্তঃ পরিচর্যা বাবদ ১৫০০/- ও বালাইনাশক বাবদ ৩০০/- টাকা হারে এ্যাপস/বিকাশ এর মাধ্যমে দ্রুত প্রদান করা হবে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর:<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, বার্ড ফ্লুসহ সকল সংক্রামক রোগ ও "ল্যাম্পি স্কিন ডিজিস" নিয়ন্ত্রণে রয়েছে। তিনি আরও জানান, আগস্ট ২০২১ মাসে ২৪৯০ টি গবাদী পশু ও ১১৬১০ টি হাস-মুরগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। পোষা প্রাণি চিকিৎসা সেবা প্রদান ০৪ টি। পশু চিকিৎসা সেবাসহ রোগ প্রতিরোধ ব্যবস্থাপনা, কৃত্রিম প্রজনন ও অন্যান্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। রাজস্ব আয় হয়েছে ৫৬৭২০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা । |
| ০৬ | উপজেলা মৎস্য দপ্তর :<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে সরকারি জলাশয়ে কার্প জাতীয় পোনা অবমুক্তির জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। নীতিমালা অনুযায়ী জলাশয় নির্বাচন এবং পোনা ক্রয়পূর্বক ৩০/০৯/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে পোনা অবমুক্ত করার নির্দেশনা রয়েছে। কিন্তু সময় সংক্ষিপ্ত হওয়ায় নির্ধারিত তারিখের মধ্যে পোনা ক্রয় ও অবমুক্ত করা সম্ভব হবে না। তাই সময় বর্ধনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ করা যেতে পারে। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) জলাশয় নির্বাচন ও পোনা ক্রয় নীতিমালা অনুসরণপূর্বক পোনা ক্রয় করতে হবে এবং সময় বর্ধিত করণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, দিগনগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বাউন্ডারি ওয়ালের কাজ চলমান রয়েছে। কিন্তু দক্ষিণ পাশে বিদ্যমান তিনটি মেহগনি গাছের জন্য ওয়াল নির্মাণ কাজ ব্যাহত হচ্ছে। গাছ তিনটি কাটা প্রয়োজন। তাছাড়াও অফিস ভবনের পেছনের দিকে দোতলার ছাদের উপর তিনটি বড় বড় গাছ থাকার কারণে ছাদ রসে পানি পড়ে অফিসের ফ্যানসহ আসবাবপত্র নষ্ট হচ্ছে। ফলে গাছের ডালগুলো কাটা প্রয়োজন। তিনি আরও জানান, আগস্ট ২০২১ মাসে স্থায়ী পদ্ধতি দেয়া হয়েছে ০৪ জনকে, দীর্ঘ মেয়াদি পদ্ধতি দেয়া হয়েছে ১৫৭৮ জনকে এবং অস্থায়ী পদ্ধতির জন্য উপকরণ বিতরণ হয়েছে মোট ৩৪২৭৪ পিস। গর্ভবতী মায়ের যত্ন ৬৪৬ জন, গর্ভোত্তর মায়ের যত্ন ১০ জন, প্রসব সেবা ১০ জন, শিশু পরিচর্যা ১২৫০ জন এবং ৫৩৮২ জন সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে। এ ছাড়াও, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সরেজমিন যাচাইঅন্তে গাছ ও গাছের ডালগুলো কাটার প্রয়োজন হলে বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) পরিবার পরিকল্পনা সেবায় এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>গ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, সকল শিক্ষা প্রতিষ্ঠানে "মুজিব শতবর্ষ ও স্বাধীনতার সূবর্ণজয়ন্তী" পালন করা হয়েছে ও সকল মাদ্রাসায় বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং ২০২১-২০২২ সালে এসএসসি, এইচএসসি, দাখিল, আলীম পরীক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান রয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপণ কর্মসূচী বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ০৯ | উপজেলা শিক্ষা দপ্তর:<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, করোনা ভাইরাস সংক্রমণের হার কম হওয়ায় শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়া হয়েছে। তবে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে ক্লাস পরিচালনা করা হচ্ছে। শিক্ষার্থীরা যাতে করোনা ভাইরাসে আক্রান্ত হতে না পারে সেজন্য সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণকে ক্লাস্টার অনুযায়ী মনিটরিং করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার। |
| ১০ | উপজেলা সমাজসেবা দপ্তর:<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে এ উপজেলায় শতভাগ বয়স্ক ভাতা এবং স্বামী পরিত্যক্তা ও বিধবা ভাতাভোগী নির্বাচনের নিমিত্ত অনলাইনে আবেদন করার সময়সীমা অতিক্রান্ত হয়েছে। যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, ইউনিয়ন ও পৌরসভা পর্যায়ে বয়স্ক ভাতা ১২৩১৩ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা ৬১৫৯ জন, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা ৫৯৫০ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ২৯৭ জন, হিজরা বয়স্ক ভাতা ০৫ জন, হিজড়া শিক্ষার্থী উপবৃত্তি ০৫ জন, দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের বয়স্ক ভাতা ৯০ জন এবং দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের শিক্ষা উপবৃত্তি ৫৩ জন ব্যক্তিদের মধ্যে নির্ধারিত হারে ভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া প্রতিবন্ধী সনাক্তকরণ ও প্রতিবন্ধী পরিচয়পত্র বিতরণ এবং বিভিন্ন ভাতাভোগীদের তথ্যাদি লিপিবদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে। দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| ১১ | খাদ্য বিভাগ:<br>প্রতিনিধি, উপজেলা খাদ্য বিভাগ সভায় জানান, অত্র উপজেলায় খাদ্য মজুদ পরিস্থিতি সন্তোষজনক রয়েছে। বর্তমান বোরো মৌসুমে ধান/চাল ক্রয় কার্যক্রম শেষ পর্যায়ে। সংগ্রহ অভিযান সফল করার জন্য জোর প্রচেষ্টা অব্যাহত আছে। তিনি আরও জানান, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অবিলম্বে খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় ডিলারদের মাধ্যমে ১০/- টাকা কেজি দরে ফেয়ার প্রাইসের চাল বিক্রয় কার্যক্রম চালু করা হবে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |
| ১২ | উপজেলা নির্বাচন অফিস:<br>উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান, বর্তমানে স্মাট জাতীয় পরিচয়পত্র প্রদান কার্যক্রম চালু রয়েছে। তিনি আরও জানান, অনলাইনে জাতীয় পরিচয়পত্র সংশোধন ও রিইস্যু আবেদনপত্রসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষ্যে সকল ইউনিয়নের ভোট কেন্দ্রের তালিকা জেলা নির্বাচন অফিসার বরাবর প্রেরণ করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার ও ইউপি চেয়ারম্যানগণ। |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তর:<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ইউনিয়ন পর্যায়ে ২৩৮২ জন উপকার ভোগীর অনুকূলে আগস্ট ২০২১ মাসের খাদ্য শস্য ছাড় করা হয়েছে। তিনি আরও জানান, ২০২১-২০২২ অর্থ বছরে IMLMA (উন্নত মাতৃত্বকাল এবং ল্যাকটেটিং মাদার) সহায়তা কর্মসূচীর আওতায় কোন বরাদ্দ পাওয়া যায়নি। তাছাড়াও ২০১৯-২০ অর্থ বছরে ৪১০ জন ল্যাকটেটিং মাদার সহায়তা এবং দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কার্যক্রমের আওতায় ৭১০ জন ভাতাভোগীর ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে এবং ২০২০-২০২১ অর্থ বছরে IMLMA (উন্নত মাতৃত্বকাল এবং ল্যাকটেটিং মাদার) সহায়তা তহবিলের আওতায় ২৭৪ জন ল্যাকটেটিং মাদার সহায়তা এবং ৩৮৬৯ জনকে উন্নত মাতৃত্বকাল ভাতা প্রদান করা হয়েছে। তাছাড়া বাল্য বিবাহ ও আত্মহত্যা প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রয়েছে। এ ছাড়া দাপ্তরিক রুটিন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, আগস্ট ২০২১ মাসে আদায়যোগ্য যুব ঋণের পরিমাণ ২,৯১,৬০০/- এবং আদায়কৃত ঋণের পরিমাণ ২,১৮,৭০০/- টাকা। কিস্তি খেলাফি থেকে আদায় ৪৬,৩০০/- টাকা। তিনি আরও জানান, ২০২১-২০২২ অর্থ বছরে যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৪৯,৩০,০০০/- টাকা। চলতি মাস পর্যন্ত যুব ঋণ বিতরণের পরিমাণ ৪,৪০,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১৫ | উপজেলা সমবায় দপ্তর:<br>উপজেলা সমবায় অফিসার জানান, মোট ৬৭টি সমিতির বিপরীতে সদস্য সংখ্যা ৪৭৬৫ জন। আগস্ট ২০২১ মাসে কোন ঋণ বিতরণ করা হয়নি। এ পর্যন্ত মোট ঋণ বিতরণের পরিমাণ ৬১,৮৯,০০০/- টাকা। চলতি মাসে কোন ঋণ আদায় হয়নি। এ পর্যন্ত মোট ঋণ আদায়ের পরিমাণ ৫২,৪৩,৭৩৬/- টাকা। মোট অনাদায়ী ঋণের পরিমাণ ১১,২৭,৬৪৯/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার। |
| ১৬ | উপজেলা রিসোর্স সেন্টার:<br>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান, আগস্ট ২০২১ মাসে ১০টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। তাছাড়াও, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১৭ | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ):<br>আবাসিক প্রকৌশলী (ওজোপাডিকো লিঃ) সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ)। |
| ১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ:<br>ডিজিএম, পল্লী বিদ্যুৎ সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, শৈলকুপা। |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান দপ্তর:<br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান, করোনা ভাইরাসের (কোভিড-১৯) কারণে জনশুমারি কার্যক্রম আপাতত স্থগিত রয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণ হলে এ কার্যক্রম পুনরায় শুরু হবে মর্মে জানা যায়। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| ২০ | ক) <u>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার দপ্তর (বিআরডিবি)</u>:<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(BRDB) জানান, মোট সমিতির সংখ্যা ১১২টি। তার বিপরীতে সদস্য সংখ্যা ৩৬৩৭ জন। আগস্ট ২০২১ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ৩৩,৪৫,০০০/- টাকা এবং আদায়কৃত ঋণের পরিমাণ ৫৯,৩৫,০০০/- টাকা। মোট অনাদায়ী ঋণের পরিমাণ ৩,৩৫,০২,০০০/- টাকা। তাছাড়া ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথানিয়মে পরিচালিত হচ্ছে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| | খ) <u>পল্লী জীবিকায়ন কর্মসূচী (পজীক)</u>:<br>প্রকল্প কর্মকর্তা (পজীক) জানান, মোট সমিতির সংখ্যা ১১৭ টি তার বিপরীতে সদস্য সংখ্যা ৩৯২০ জন। আগস্ট ২০২১ মাসে কোন ঋণ বিতরণ করা হয় নি তবে আদায়কৃত ঋণের পরিমাণ ৩,৫০,০০০/- টাকা। এ পর্যন্ত মোট অনাদায়ী ঋণের পরিমাণ ৮২,৭৩,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | প্রকল্প কর্মকর্তা (পজীক) |
| ২১ | <u>আমার বাড়ি আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক)</u>:<br>ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক) জানান, এ উপজেলায় মোট সমিতির সংখ্যা ৩৮১টি। যার বিপরীতে সমিতির মোট সদস্য সংখ্যা ১৬৪৮২ জন। আগস্ট ২০২১ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ১,২৭,৭৯,০০০/- টাকা এবং ঋণ আদায় ১,৬৪,০৫,০০০/- টাকা। তাছাড়া এ পর্যন্ত মোট খেলাপির পরিমাণ ৬,৮০,০৩,০০০/- টাকা। এ পর্যন্ত মোট সঞ্চয় আদায় ১০,৪৩,৩৬,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আবাআখা প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক । |
| ২২ | <u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</u>:<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৬৪ টি সরকারি হস্তচালিত/সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপন কার্যক্রম চলমান রয়েছে । তাছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় প্রাপ্ত ০৮ টি ওয়াস ব্লক স্থাপনের কাজ চলমান রয়েছে এবং জিপিএস ও এনএনজিপিএস প্রকল্পের আওতায় ৩২ টি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াস ব্লক স্থাপনের কাজ চলমান রয়েছে এবং উপজেলা সদর ও গ্রোথ সেন্টার প্রকল্পের ৬ কি.মি. পাইপ লাইন কাজ চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) প্রকল্পসমূহের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)। |
| ২৩ | <u>পল্লী দারিদ্র্য বিমোচন দপ্তর</u>:<br>উপজেলা পল্লি দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান, ৭১ টি সমিতির বিপরীতে সদস্য সংখ্যা ২১০৯ জন। আগস্ট ২০২১ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ২৫,৭০,০০০/- ও আদায়কৃত ঋণের পরিমাণ ২৮,৭৫,০০০/- টাকা। বর্তমানে মোট অনাদায়ী ঋণের পরিমাণ ৩৫,৯৮,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, শৈলকুপা। |
| ২৪ | <u>উপজেলা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র</u>:<br>উপজেলা প্রতিবন্ধী কর্মকর্তা সভায় জানান, আগস্ট ২০২১ মাসে নতুন রেজিস্ট্রেশনকৃত প্রতিবন্ধী ও অপ্রতিবন্ধী সেবা গ্রহীতার সংখ্যা ৩১ এবং নতুন ও পুরাতন সেবা গ্রহীতাদের প্রদত্ত সেবার সংখ্যা ৪৭১। তিনি আরও জানান প্রতিবন্ধী ব্যক্তিদের হুইল চেয়ার প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে এবং বর্তমানে প্রতিবন্ধীতা সনাক্তকরণ জরিপের কাজ চলামান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা। |
| ২৫ | <u>উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর</u> :<br>প্রতিনিধি, উপজেলা আনসার ভিডিপি অফিস সভায় জানান, ২০২১ সালে শৈলকুপা উপজেলায় ১২২টি পূজা মন্ডপে দুর্গাপূজা উদযাপন হবে। পূজা মন্ডপে আইন-শৃঙ্খলা পরিস্থিতি রক্ষার জন্য ১০ জন করে আনসার সদস্য ৪টি গ্রুপে এবং ১২ জন করে আনসার সদস্য ১২টি গ্রুপে প্রতি গ্রুপে ০৪টি আগ্নেয় অস্ত্রসহ পূজা মন্ডপে ভ্রাম্যমাণ টহল কার্যক্রম অব্যাহত রাখবে। এ বিষয়ে তিনি স্ব স্ব ইউপি চেয়ারম্যান এবং পূজা কমিটির সভাপতি/সেক্রেটারিকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) টহল কার্যক্রম নিশ্চিত করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| ২৬ | বন বিভাগ:<br>অনুপস্থিত। দাপ্তরিক আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, বন বিভাগ। |
| ২৭ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন:<br>স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, শৈলকুপা। |
| ২৮ | পানি উন্নয়ন বোর্ড (ওয়াপদা) :<br>অনুপস্থিত। দাপ্তরিক আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপসহকারী প্রকৌশলী, পাউবো, শৈলকুপা। |
| ২৯ | ইসলামিক ফাউন্ডেশন:<br>ফিল্ড সুপারভাইজার, ইসলামি ফাউন্ডেশন সভায় জানান, করোনা ভাইরাসের সংক্রমণ রোধে সকল মসজিদে মুসল্লিদের অবশ্যই মাস্ক পরে আসতে হবে। তিনি এ ব্যাপারে ইমামগণকে মসজিদে সচেতনতামূলক অলোচনার জন্য সভার মাধ্যমে অনুরোধ জানান। তিনি আরও জানান, অত্র উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ চলমান রয়েছে, এজন্য যাওয়া আসার পথে তদারকি করার জন্য সকলকে সভার মাধ্যমে অনুরোধ জানান। তাছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন। |
| ৩০ | উপজেলা তথ্য আপা প্রকল্প:<br>উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান, আগস্ট ২০২১ মাসে অত্র অফিসের মাধ্যমে বিনামূল্যে বিধবা ও বয়স্ক ভাতার আবেদন করার কার্যক্রম পরিচালনা করা হয়েছে। কীর্তিনগর ও কাকুড়িয়াডাঙ্গা আশ্রয়নের জনগণের বিনামূল্যে ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষা করা হয়েছে। তাছাড়াও আশ্রয়নের মহিলাদের মাঝে বাল্যবিবাহ, নারী নির্যাতন বিষয়ে সচেতনতা প্রদান করা হয়েছে। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা। |
| ৩১ | বিবিধ:<br>ক) উপজেলা চেয়ারম্যান সভায় জানান, উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহারের জন্য কিছু প্লাস্টিক চেয়ার ক্রয় করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বাজার যাচাই অন্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাতের অর্থে চেয়ারগুলি ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার। |
| | খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা পরিষদের পুরাতন হলরুমসহ পুরাতন অফিসভবন পরিত্যক্ত/জরাজীর্ণ অবস্থায় দীর্ঘদিন যাবত পড়ে আছে। ভবনগুলো অপসারণ করা প্রয়োজন। তিনি আরও জানান, কনডেম প্রস্তাব প্রেরণের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক সরেজমিন যাচাইপূর্বক প্রক্কলন প্রস্তুত করে উপজেলা পরিষদ সভার অনুমোদনক্রমে কনডেম ঘোষণার জন্য জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রস্তাব প্রেরণের বিধান রয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ক) উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন উপজেলা পরিষদ সভায় অনুমোদনপূর্বক কনডেম ঘোষণার জন্য জেলা কনডেমনেশন কমিটির নিকট দ্রুত প্রস্তাব প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী। |
| | গ) উপজেলা পরিষদের জরুরী প্রয়োজনে নিম্নবর্ণিত অর্থ ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>১) আগস্ট ২০২১ মাসে উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস ও বাসভবন সংলগ্ন অফিসে ইন্টারনেট সংযোগ = ৩২০০/- টাকা।<br>২) উপজেলা চেয়ারম্যান কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আগস্ট ২০২১ মাসে অনুষ্ঠিত বিভিন্ন সভার আপ্যায়ন ব্যয় =৩০,০০০/-<br>৩) উপজেলা পরিষদ কার্যালয়ের আগস্ট ২০২১ মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- টাকা।<br>৪) উপজেলা পরিষদ জীপগাড়ির জুলাই ও আগস্ট ২০২১ মাসের জ্বালানি তেল খরচ বাবদ ব্যয় যথাক্রমে = ২২৬৭৪/- এবং ২০২৪৩/- টাকা।<br>৫) উপজেলা পরিষদ কার্যালয়ে দৈনিক মজুরি ভিত্তিতে নিযুক্ত মালী ও সুইপারের আগস্ট/২০২১ মাসে যথাক্রমে (২৭+২৭)= ৫৪ দিনের মজুরি বাবদ= ২৯৭০০/- টাকা। | বর্ণিত ব্যয়সমূহ সভায় অনুমোদন করা হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | ঘ) সদস্য সচিব, উপজেলা সেচ কমিটি সভায় জানান, অত্র উপজেলায় সেচ যন্ত্রের লাইসেন্স প্রাপ্তির জন্য ৪০টি আবেদনপত্র (পরিশিষ্ট-খ মোতাবেক) পাওয়া গেছে। প্রাপ্ত আবেদনপত্রগুলো সরেজমিনে যাচাই-বাছাই অন্তে যথাযথ পাওয়া গেছে। সেচযন্ত্রের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে নীতিমালা মোতাবেক আবেদনপত্রগুলো উপজেলা পরিষদ সভায় অনুমোদনের বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) সেচ যন্ত্রের লাইসেন্স প্রদানের নীতিমালা অনুযায়ী যাচাই-বাছাই অন্তে আবেদনপত্রগুলো যথাযথ হওয়ায় আবেদনকারী ৪০ জনের নামে লাইসেন্স প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য সচিব উপজেলা সেচ কমিটি। |
| | ঙ) Autism এবং Neurodevelopment Disorder (NDD) এর বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ২৭.০১.২০১৮ তারিখের ২৬২ নং স্মারকপত্রে, ১৪.০২.২০১৯ এবং ০৩.০৪.২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ক) সরকারি নির্দেশনা অনুযায়ী উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করবেন। | উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা। |
| | চ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, বিভিন্ন সামাজিক সমস্যা যেমন, বাল্যবিবাহ প্রতিরোধ, মাদক ব্যবসায়ী ও সেবনকারী, অবৈধ দখলদার, নদী হতে অবৈধভাবে বালি উত্তোলন এবং সরকারি সম্পত্তি জবর-দখলসহ বিভিন্ন সমস্যার সমাধানকল্পে জনসাধারণ কল সেন্টার ৩৩৩ এর মাধ্যমে প্রতিকার পেতে পারেন। এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান, প্রকাশনা, সভা সমাবেশ, বিভিন্ন ইভেন্ট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ক) ইউপি চেয়ারম্যানগণ বিভিন্ন অনুষ্ঠান, প্রকাশনা, সভা সমাবেশ, বিভিন্ন ইভেন্ট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণা অব্যাহত রাখবেন। | উপজেলা নির্বাহী অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল)। |
| | ছ) যৌতুকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির নিয়মিত সভা সমাবেশ ও বাল্যবিয়ে রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রতি ইউনিয়নের অন্তত একটি গ্রামকে যৌতুকমুক্ত গ্রাম হিসেবে ঘোষণা করার উদ্দেশ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকল ইউ.পি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। | প্রতিটি ইউনিয়নে অন্তত ১টি গ্রাম যৌতুকমুক্ত ঘোষণা করতে হবে। | সকল ইউপি চেয়ারম্যান |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শেফালী ০৩/১০/২০২১

মোছাঃ শেফালী বেগম
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং : ০৫.৪৪.৪৪৮০.০০০.০৪.০০১.২০- ৮২৯(৬০) তারিখ : ০৩/১০/২০২১ খ্রিঃ / ১৮/০৬/১৪২৮ বঙ্গাব্দ।

অনুলিপি সদয় অবগতির জন্য :

০১। জনাব মোঃ আব্দুল হাই, মাননীয় সংসদ সদস্য, ৮১ ঝিনাইদহ-১।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৬। উপসচিব (জেলা প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
০৭। মেয়র, শৈলকুপা পৌরসভা, শৈলকুপা।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা।

অনুলিপি কার্যার্থে :

০৯। চেয়ারম্যান,...............................(সকল) ইউ,পি, শৈলকুপা।
১০। উপজেলা..................................কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
১১। ........................................................................ ...।

০৩/১০/০২১

কানিজ ফাতেমা লিজা
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।

সেপ্টেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে ও জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) (পরিশিষ্ট-ক) :

| ক্রমিক নং | নাম | পদবী | উপস্থিত(√) |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ জাহিদুন্নবী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা। | √ |
| ০২ | মোছাঃ নিলুফা ইয়াছমিন | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা। | √ |
| ০৩ | জনাব মোঃ সোলায়মান হোসেন | প্যানেল চেয়ারম্যান, ১ নং ত্রিবেনী ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ০৪ | জনাব মোঃ কামরুজ্জামান জিকু | চেয়ারম্যান, ৭ নং হাকিমপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ০৫ | জনাব মোঃ মাহামুদুল হাসান মামুন | চেয়ারম্যান, ৬নং সারুটিয়া ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ০৬ | জনাব মোঃ নজরুল ইসলাম | চেয়ারম্যান, ১০ নং বগুড়া ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ০৭ | জনাব সুব্রত বিশ্বাস | প্যানেল চেয়ারম্যান, ১১ নং অবাইপুর ইউপি, শৈলকুপা। | √ |
| ০৮ | জনাব মোঃ সাব্দার হোসেন মোল্যা | চেয়ারম্যান, ১৩ নং উমেদপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ০৯ | জনাব মোঃ সায়ুব আলী জোয়ার্দ্দার | চেয়ারম্যান, ১৪ নং দুধসর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ১০ | জনাব মোঃ জামিনুর রহমান | চেয়ারম্যান, ১৫ নং ফুলহরি ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ১১ | ডাঃ মোঃ রাশেদ আল মামুন | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, শৈলকুপা। | √ |
| ১২ | জনাব মোঃ আকরাম হোসেন | উপজেলা কৃষি অফিসার, শৈলকুপা। | √ |
| ১৩ | জনাব মোঃ রওশন হাবীব | উপজেলা প্রকৌশলী, শৈলকুপা। | √ |
| ১৪ | জনাব ডাঃ মোঃ মামুন খান | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শৈলকুপা। | √ |
| ১৫ | জনাব মলয় রঞ্জন বিশ্বাস | প্রতিনিধি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, শৈলকুপা। | √ |
| ১৬ | জনাব মোঃ ওয়ালিউর রহমান | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শৈলকুপা। | √ |
| ১৭ | জনাব শামীম আহমেদ খান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শৈলকুপা। | √ |
| ১৮ | জনাব মোঃ মাসুদ আহমেদ | উপজেলা সমাজসেবা অফিসার, শৈলকুপা। | √ |
| ১৯ | জনাব মোঃ কামরুল হাসান | পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, শৈলকুপা। | √ |
| ২০ | জনাব মোঃ ওবায়দুর রহমান | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীক), শৈলকুপা। | √ |
| ২১ | জনাব রেশমা খানম | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শৈলকুপা । | √ |
| ২২ | জনাব মোঃ আবু আরিফ রেজা | উপজেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত), শৈলকুপা। | √ |
| ২৩ | জনাব জুয়েল আহম্মেদ | উপজেলা নির্বাচন অফিসার, শৈলকুপা। | √ |
| ২৪ | জনাব মোঃ রাকিবুল ইসলাম | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শৈলকুপা। | √ |
| ২৫ | জনাব মোঃ শামীম শরীফ | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), শৈলকুপা। | √ |
| ২৬ | জনাব মোঃ মোস্তফা মাহমুদ | প্রতিনিধি, উপজেলা শিক্ষা অফিসার, শৈলকুপা। | √ |
| ২৭ | জনাব মোঃ মিজানুর রহমান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শৈলকুপা। | √ |
| ২৮ | জনাব মোঃ সাইফুল ইসলাম | সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), শৈলকুপা। | √ |
| ২৯ | জনাব কাজী এহ্তেশামুল হক | ইন্সট্রাক্টর, ইউআরসি, শৈলকুপা। | √ |
| ৩০ | জনাব মোঃ শরিফুল ইসলাম | উপজেলা মৎস্য কর্মকর্তা, শৈলকুপা। | √ |
| ৩১ | জনাব মোঃ হাফিজ আল আসাদ | উপজেলা প্রতিবন্ধী কর্মকর্তা, শৈলকুপা। | √ |
| ৩২ | জনাব উত্তম কুমার সাহা | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার, শৈলকুপা। | √ |
| ৩৩ | জনাব মোঃ আক্কাচ আলী | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, শৈলকুপা। | √ |
| ৩৪ | জনাব মোঃ মিজানুর রহমান | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, শৈলকুপা। | √ |
| ৩৫ | জনাব মোঃ আব্দুর রাজ্জাক | ফিল্ড সুপারভাইজার,ইসলামী ফাউন্ডেশন, শৈলকুপা। | √ |
| ৩৬ | জনাব মোঃ সবুজ আলী | প্রতিনিধি, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শৈলকুপা। | √ |
| ৩৭ | জনাব রোকেয়া খাতুন | প্রতিনিধি, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, শৈলকুপা। | √ |
| ৩৮ | ইন্দিনা কাদির | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, শৈলকুপা। | √ |
| | অনুপস্থিত | | |
| ০১ | জনাব মোঃ মকবুল হোসেন | চেয়ারম্যান, ২ নং মির্জাপুর ইউপি, শৈলকুপা। | × |
| ০২ | জনাব মোঃ জিল্লুর রহমান তপন | চেয়ারম্যান, ৩ নং দিগনগর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | × |
| ০৩ | এ্যাড. মোঃ সালাহ উদ্দিন জোয়ার্দ্দার | চেয়ারম্যান, ৫ নং কাঁচেরকোল ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | × |
| ০৪ | জনাব মোঃ মতিয়ার রহমান | চেয়ারম্যান, ৮ নং ধলহরাচন্দ্র ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | × |
| ০৫ | জনাব মোস্তফা আরিফ রেজা মন্নু | চেয়ারম্যান, ৯নং মনোহরপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | × |
| ০৬ | জনাব মোঃ ফারুক হোসেন বিশ্বাস | চেয়ারম্যান, ১২ নং নিত্যানন্দপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | × |
| ০৭ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | ফরেস্টার, বন বিভাগ। | × |
| ০৮ | জনাব মুহাম্মদ ওয়ালিউর রহমান | উপজেলা পরিসংখ্যান অফিসার, শৈলকুপা। | × |
| ০৯ | রোকাইয়া তানজিলা | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শৈলকুপা। | × |
| ১০ | এসএম আব্দুল্লাহ আল মামুন | উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, ঝিনাইদহ ইউনিট। | × |
| ১১ | জনাব মোঃ তৌফিকুজ্জামান | উপসহকারী প্রকৌশলী, পাউবো, শৈলকুপা। | × |
| ১২ | মোঃ আবুল কালাম | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শৈলকুপা। | × |
| ১৩ | জনাব মিঠুন বিশ্বাস | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, শৈলকুপা। | × |

"পরিশিষ্ট-খ"

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

## উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) এর কার্যালয়

## ঝিনাইদহ ইউনিট, ঝিনাইদহ।

উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।

- উপজেলা সেচ কমিটির সদস্য সচিব দপ্তর কর্তৃক ৩৮(আটত্রিশ)টি সেচযন্ত্রের লাইসেন্সে ও ০২(দুই)টি সেচযন্ত্রের লাইসেন্সের নবায়নের আবেদনপত্র যাচাই বাছাই পূর্বক সরেজমিনে তদন্ত করে সঠিক ও যথাপোযুক্ত হওয়ায় অনুমোদনের জন্য সমন্বয় সভায় উপস্থাপন করা প্রয়োজন।

**সেচযন্ত্রের লাইসেন্সের আবেদনপত্রের তালিকাঃ**

| ক্রমিক নং | আবেদনকারীর নাম ও পিতার নাম | মৌজার নাম | জেএল নং | খতিয়ান নং | দাগ নং | সেচযন্ত্রের ধরণ | রশিদ নং | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | আতিয়ার<br>পিতা: আহাদ আলী শেখ | নাথপাড়া | ৬১ | ৫৫৪ | ১৪৩৮ | অগভীর নলকূপ | ১০৬ | ২০০/- | |
| ২ | মোঃ আবু কালাম<br>পিতা: মো: বদরুদ্দিন মোল্লা | কন্যাদাহ | ১৫৯ | ২৩৯ | ৫৮৪ | অগভীর নলকূপ | ৭১২ | ২০০/- | |
| ৩ | মো: আবু সাইদ মিয়া<br>পিতা: মৃত: শামছুদ্দিন মিয়া | ঝাউদিয়া | ১২৩ | ৫৫ | ২৬০ | অগভীর নলকূপ | ৭৫৩ | ২০০/- | |
| ৪ | মো: মুঞ্জুর আলী<br>পিতা: মৃত: বদর উদ্দিন | ধলহরাচন্দ্র | ৯৪ | ৯৫৬ | ২৩২ | অগভীর নলকূপ | ৬১৯ | ২০০/- | |
| ৫ | মো: জাহিদুল কবির<br>পিতা: আব্দুল মালেক | ষষ্টীবর | ১২৬ | ১০১ | ১২৬৪ | অগভীর নলকূপ | ৬৮৮ | ২০০/- | |
| ৬ | মো: রশীদ মনাডল<br>পিতা: মৃত: মাদারী মন্ডল | ধলহরাচন্দ্র | ৯৪ | ১৫১৯ | ৫০৩৭ | অগভীর নলকূপ | ৬৮৭ | ২০০/- | |
| ৭ | মো: লিপন হোসেন<br>পিতা: তোতা মিয়া | ব্রম্মপুর | ৫৪ | ৪৪০ | ৪৩৪৩ | অগভীর নলকূপ | ৬৭৫ | ২০০/- | |
| ৮ | মো: ছবেদ আলী<br>পিতা: মো: লুকমান শাহ | নাগিরাট | ১১৫ | ৩২৪ | ৩৩৫৩ | অগভীর নলকূপ | ৬৬৭ | ২০০/- | |
| ৯ | মো: আতিয়ার রহমান<br>পিতা: মুনছুর আলী | নবগ্রাম | ৫৪ | ১১৬৯ | ১০৩১ | অগভীর নলকূপ | ৬৭৮ | ২০০/- | |
| ১০ | মো:আলতাব হোসেন<br>পিতা: জুমারত মন্ডল | কুমিরদাহ | ১৭৭ | ২০৪ | ৭৭৯ | অগভীর নলকূপ | ৭৬৫ | ২০০/- | |
| ১১ | মো: লাল চাদ শেখ<br>পিতা: ছামছুদ্দিন শেখ | হাটফাদিলপুর | ৬৭৮ | ১০১০ | ১১১৮ | অগভীর নলকূপ | ৭৫২ | ২০০/- | |
| ১২ | মো: আবু কালাম<br>পিতা: জবেদ মোল্লা | কুশাবাড়ীয়া | ৯ | ৫৬৩ | ১৭০২ | অগভীর নলকূপ | ৭৬০ | ২০০/- | |
| ১৩ | মো: শরিফুল ইসলাম<br>পিতা: মৃত: রববানী বিশ্বাস | তরফউমেদপুর | ১২২ | ১২৭৮ | ১৭৯৮ | অগভীর নলকূপ | ৭৬১ | ২০০/- | |
| ১৪ | মো: রুমান<br>পিতা: মোতাহার বিশ্বাস | তরফ উম্মেদপুর | ১২২ | ১৪৮৪ | ২২৬২৯ | অগভীর নলকূপ | ৭৫৯ | ২০০/- | |
| ১৫ | বিবেক কুমার বিশ্বাস<br>পেতা: বিপ্র বিশ্বাস | নন্দীর গাতি | ৯৭ | ৩২৭ | ৪৬৩ | অগভীর নলকূপ | ৭৫৮ | ২০০/- | |
| ১৬ | মো: বিল্লাল<br>পিতা: মো: ছাদেক আলী | ডাউটিয়া চাকীরগাতী | ৯৬ | ১৫৩৭ | ২৭৩২ | অগভীর নলকূপ | ৭৪৩ | ২০০/- | |
| ১৭ | মো: আলা উদ্দিন<br>পিতা: সৈয়দ আলী | নন্দীর গাতি | ৯৭ | ৩১৩ | ৬৭৮ | অগভীর নলকূপ | ৭১৪ | ২০০/- | |
| ১৮ | মোছা: হেমেলা খাতুন<br>পিতাঃ মৃত: ওমেদ আলী মোল্লা | ধলহরাচন্দ্র | ৯৪ | | ৯১৬৯ | অগভীর নলকূপ | ৭৭৪ | ২০০/- | |
| ১৯ | মো: মোস্তাফিজুর রহমান মিলন<br>পিতা: মোঃ আবেদ আলী | তরফউমেদপুর | ১২২ | ৫৯০ | ৫৪২২ | অগভীর নলকূপ | ৭৪৭ | ২০০/- | |
| ২০ | মিলন মোল্লা<br>পিতা: দেলাা তেমাল্লা | বিষ্ণুদিয়া | ১১৯ | ৫১ | ৮৬৬ | অগভীর নলকূপ | ৬৭৪ | ২০০/- | |
| ২১ | মো: ছানাউল্লাহ<br>পিতা: মৃত: চাঁদ আলী মন্ডল | ফুলহরি | ১৩৫ | ৭৯১ | ১০৬৪ | অগভীর নলকূপ | ৭৪৫ | ২০০/- | |
| ২২ | মোছা: রুমিচা বেগম<br>পিতা: মৃত: তাইজাল হোসেন খন্দকার | বাগুটিয়া | ১৬৬ | ৩৮৪ | ২১১২ | অগভীর নলকূপ | ৭৮৬ | ২০০/- | |
| ২৩ | মোঃ আনিচুর রহমান<br>পিতা: নবীর উদ্দিন | খাসরানীনগর | ১৩ | ৩০৭ | ১১০ | অগভীর নলকূপ | ৭৪৮ | ২০০/- | |
| ২৪ | মো: আবু দাউদ<br>পিতা: মো: শওকত আলী | পাইকপাড়া | ৯০ | ৩৬২ | ৫৬৮ | অগভীর নলকূপ | ৭৪৯ | ২০০/- | |
| ২৫ | মো: আ: মোতালিব<br>পিতা: মো: দলিল উদ্দিন | ধলহরাগুড়ু | ৯৩ | ১০৪ | ১৩১ | অগভীর নলকূপ | ৭৭৫ | ২০০/- | |
| ২৬ | মো: ইমান উদ্দিন<br>পিতা: মৃত: ইসমাইল মন্ডল | ধলহরাগুড়ু | ৯৩ | ১৯৫ | ৪০৩ | অগভীর নলকূপ | ৭৭৬ | ২০০/- | |
| ২৭ | অজিত চন্দ্র মন্ডল<br>পিতা: মৃত: রাম পদ মন্ডল | মালিথিয়া | ৯৮ | ২৮ | ৪৬৫৬ | অগভীর নলকূপ | ৭৪৪ | ২০০/- | |

" পরিশিষ্ট-খ "

২৬।০৫।২০২১

...নিজ ফাতেমা লিজা
...জেলা নির্বাহী অফিসার
...কুপা, ঝিনাইদহ।

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

## উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) এর কার্যালয়

## ঝিনাইদহ ইউনিট, ঝিনাইদহ।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২৮ | মো: মকবুল শেখ<br>পিতা: বিলাত আলী শেখ | দলিলপুর | ১১২ | ৪৬৪ | ৩৫৮ | অগভীর নলকূপ | ৫৪৭ | ২০০/- | |
| ২৯ | মো: অহিদুজ্জামান<br>পিতা: মো: আফজাল হোসেন | ধলহরাচন্দ্র | ৯৪ | ৫০ | ৮৫৪২ | অগভীর নলকূপ | ৮০১ | ২০০/- | |
| ৩০ | মো: আবুল হোসেন<br>পিতা: মৃত, লতিফ বিশ্বাস | আউশিয়া | ৬২ | ২২৭ | ৪৮৮ | অগভীর নলকূপ | ৮০২ | ২০০/- | |
| ৩১ | মো: সাইদুল ইসলাম<br>পিতা: মৃত; মাতাব মন্ডল | আউশিয়া | ৬২ | ৯১৮ | ১১০১ | অগভীর নলকূপ | ৮০৩ | ২০০/- | |
| ৩২ | মো: মুসা করিম শেখ<br>পিতা: মৃত: আঃ জব্বার শেখ | হাবিবপুর | ১২৫ | ৫৬৮ | ১২১৭ | অগভীর নলকূপ | ৮০৪ | ২০০/- | |
| ৩৩ | মো: রিয়াজ উদ্দিন<br>পিতা: মৃত: এছেম আলী | ইটালি | ৪৯ | ৩০৬ | ২৭ | অগভীর নলকূপ | ৬৮৯ | ২০০/- | |
| ৩৪ | মো: লালটু<br>পিতা: লুৎফর মন্ডল | নরগ্রাম | ৫৪ | ১৩৮৭ | ৮৮৩৯ | অগভীর নলকূপ | ৭৯৫ | ২০০/- | |
| ৩৫ | মো: তোফাজ্জেল হোসেন<br>পিতা: মৃত: ইমান আলী | কৌপাড়া | ৮৮ | ৬৩ | ৩৮৬ | অগভীর নলকূপ | ৭৯৪ | ২০০/- | |
| ৩৬ | মো: আরিফুল ইসলাম<br>পিতা: মুনর উদ্দিন | উত্তর কচুয়া | ২৫ | ৪১১ | ১২৮ | অগভীর নলকূপ | ৬৪২ | ২০০/- | |
| ৩৭ | মো: কামিরুল ইসলাম<br>পিতা: আতর আলী | কৃত্তিনগর | ৫৮ | ৩৬৪ | ৫৫৫ | অগভীর নলকূপ | ৬৭৭ | ২০০/- | |
| ৩৮ | মো: শওকত আলী<br>পিতা: আফসার উদ্দিন | রয়েড়া | ১২২ | ১০২২৪ | ২০৩৭ | অগভীর নলকূপ | ৭০২ | ২০০/- | |
| ৩৯ | সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)<br>বিএডিসি, ঝিনাইদহ জোন, ঝিনাইদহ। | হামদামপুর | গনকূ | | | গভীর নলকূপ | ৫৮৭ | ৫০০/- | নবায়ন |
| ৪০ | মো: আলতাব হোসেন<br>পিতা: মুত এতিম,ালী মিয়া | ধুলিয়াপাড়া | ৩৬ | ২০৮ | ৯৩ | অগভীর নলকূপ | ৭৭৭ | ২০০+২৫০=৪৫০/- | নবায়ন |

২৬/০৫/২০২১.

(এস,এম আব্দুল্লাহ্ আল মামুন)
উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)
বিএডিসি, ঝিনাইদহ ইউনিট, ঝিনাইদহ।